গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষামন্ত্রনালয়

# বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান (মাদ্রাসা সমুহ) এর শিক্ষক কর্মচারীদের বেতন-ভাতাদি'র সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সর্ম্পকিত নীতিমালা।

০১ জানুয়ারী, ১৯৮২

## ১-১-১৯৮২ তারিখ হইতে প্রযোজ্য নিয়োগবিধি অনুযায়ী নতুন নিয়োগের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা, প্রাপ্য স্কেল এবং নিয়োগ পদ্ধতি

ক. কলেজ

| ক্রমিক | পদবী | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা | অন্যান্য যোগ্যতা | প্রাপ্য স্কেল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | অধ্যক্ষ, ডিগ্রী কলেজ | ২য়শ্রেণীর অনার্সসহ ২য় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী/ প্রথম শ্রেণীর মাস্টার্স ডিগ্রী, ২য় শ্রেণীর মাস্টার্স ডিগ্রীসহ পি.এইচ.ডি ডিগ্রী | কলেজে ১৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা | প্রশাসনিক অভিজ্ঞতা অগ্রাধিবার | ২১০০.০০-২৬০০.০০ | |
| ২ | উপাধ্যক্ষ/ অধ্যক্ষ ইন্টারমিডিয়েট কলেজ | ঐ | কলেজে ১০ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা | ঐ | ১৮৫০.০০-২৩৭৫.০০ | ১-১-৮২ এর পূর্বে ১২ বৎসরে এই স্কেল দেওয়া হইয়াছে। |
| ৩ | সহকারী অধ্যাপক | ঐ | কলেজে ৭ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা | প্রকাশনা ও গবেষণা মূলক কাজের জন্য অগ্রাধিকার। | ১৪০০.০০-২২২৫.০০ | ১-১-৮২ এর পূর্বে ৮বৎসরে এই স্কেল দেওয়া হইয়াছে |
| ৪ | প্রভাষক | ঐ | --- | --- | ৭৫০.০০-১৪৭০.০০ | --- |
| ৫ | প্রদর্শক | সংশ্লিস্ট বিষয়সহ স্নাতক (বি.এস.সি) | --- | --- | ৬২৫.০০-১৩১৫.০০ | সংশ্লিষ্ট বিষয়সহ কলাতে স্নাতক হইলেও চলিবে। |
| ৬ | শরীরচর্চা শিক্ষক | স্নাতক বি.পি.এড | ------- | ------- | ৬২৫.০০-১৩১৫.০০ | |
| ৭ | ক) গ্রন্থাগারিক<br>খ) গ্রন্থাগারিক | গ্রন্থাগার বিজ্ঞানে এম.এ<br>গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা | ---<br>---- | -------<br>------- | ৭৫০.০০-১৪৭০.০০<br>৪৭০.০০-১১৩৫.০০ | ----<br>---- |

খ. মাধ্যমিক ও নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়

| ক্রমিক | পদবী | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা | প্রাপ্য স্কেল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | প্রধান শিক্ষক, | স্নাতক এবং | ১৫ বৎসরের | ১১৫০.০০-১৮০০.০০ | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | মাধ্যমিক বিদ্যালয় | বি.এড | অভিজ্ঞতা প্রশাসনিক অভিজ্ঞতা | | |
| ২ | (ক) সহকারী প্রধান শিক্ষক মাধ্যমিক বিদ্যালয় (খ) প্রধান শিক্ষক নিম্ন মাধ্যমিক বিদ্যালয় | স্নাতক এবং বি-এড<br>ঐ | বিদ্যালয়ের ১০ বৎসরের শিক্ষকতা/ প্রশাসনিক অভিজ্ঞতা | ৭৫০.০০-১৪৭০.০০ | ১-১-৮২ ইং তারিখের পূর্বে নিয়োজিত শিক্ষকদের ক্ষেত্রে ১২ বৎসরের অভিজ্ঞতা ধরা হইয়াছে। |
| ৩ | সহকারী শিক্ষক | ঐ অথবা ১২ বৎসরের স্নাতকোত্তর শিক্ষকতার অভিজ্ঞতা। | ------- | ৬২৫.০০-১৩১৫.০০ | |
| ৪ | ক) সিনিয়র ক্লাসিক্যাল শিক্ষক (মাধ্যমিক বিদ্যালয়)<br>খ) জুনিয়র ক্লাসিক্যাল শিক্ষক | কামিল-২য় শ্রেণী<br>ফাজিল | ------- | ৬২৫.০০-১৩১৫.০০<br>৩২৫.০০-৬১০.০০ | ১-১-৮০ ইং তারিখের পূর্বে নিয়োজিত শিক্ষক ৪৭০-১৩১৫ স্কেলে অনুদান পাইতেছেন। |
| ৫ | শরীর চর্চা শিক্ষক<br>শরীর চর্চা শিক্ষক | ক) স্নাতক বি.পি.এড<br>খ) শারীরিক শিক্ষায় জুনিয়র ডিপ্লোমা। | ------- | ৬২৫.০০-১৩১৫.০০<br>৩৭০.০০-৭৪৫.০০ | |
| ৬ | জুনিয়র শিক্ষক | এইচ.এস.সি এবং সি এড | ------- | ৩২৫.০০-৬১০.০০ | ১-১-৮০ ইং তারিখের পূর্বে নিয়োজিত শিক্ষক ৩৭০-৭৪৫ স্কেল পাইতেছেন। |

গ. মাদাসা

| ক্রমিক | পদবী | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা | প্রাপ্য স্কেল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | অধ্যক্ষ, কামিল মাদ্রাসা | ১ম শ্রেণীর কামিল ডিগ্রী অথবা উহার সমতুল্য ডিগ্রী অথবা আরবী বা ইসলামিক স্টাডিজে ১ম শ্রেণীর মাস্টার্স ডিগ্রীসহ যে কোন বিষয়ে ২য় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী। | কামিল শ্রেণীতে ১২ বৎসরের শিক্ষকতা/প্রশাসনিক অভিজ্ঞতা | ২১০০.০০-২৬০০.০০ | ১-১-৮২ ইং এর পূর্বে ১৫ বৎসরে এই স্কেল দেওয়া হইয়াছে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২ | উপাধ্যক্ষ, কামিল মাদ্রাসা | ঐ | কামিল শ্রেণীতে ৮ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা | ১৮৫০.০০-২৩৭৫.০০ | ১-১-৮২ এর পূর্বে ১২ বৎসরে এই স্কে দেওয়া হইয়াছে। ৮ বৎসরের অভিজ্ঞতা ১৪০০ ছিল। |
| ৩ | মুফাসিসর মুহাদ্দিস, ফাকিহ, আলিম, কামিল মাদ্রাসা | ঐ | কামিল শ্রেণীতে ৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা | ১৪০০.০০-২২২৫.০০ | ১-১-৮২ ইং এর পূর্বে ৮ বৎসরে এই স্কেল দেওয়া হইয়াছে। |
| ৪ | অধ্যক্ষ, সুপার, ফাজিল মাদ্রাসা | ২য় শ্রেণীর কামিল ডিগ্রী অথবা উহার সমতুল্য ডিগ্রী বা আরবী বা ইসলামিক স্টাডিজে ২য় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী। | ফাজিল শ্রেণীতে ১০ বৎসরের শিক্ষকতার/ প্রশাসনিক অভিজ্ঞতা। | ১৮৫০.০০-২৩৭৫.০০ | ১-১-৮২ ইং এর পূর্বে ১২ বৎসরে এই স্কেল দেওয়া হইয়াছে। |
| ৫ | উপাধ্যক্ষ/সহঃসুপার, ফাজিল মাদ্রাসা : | ২য় শ্রেণীর কামিল ডিগ্রী অথবা উহার সমতুল্য ডিগ্রী অথবা আরবী বা ইসলামিক স্টাডিজে ২য় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী | ফাজিল শ্রেণীতে ৮ বৎসরের শিক্ষাদানের অভিজ্ঞতা। | ১৪০০.০০-২২২৫.০ | উপাধ্যক্ষ/সহঃসুপার, ফাজিল মাদ্রাসা । |
| ৬ | সুপার, আলীম মাদ্রাসা | ঐ | যে কোন মাদ্রাসায় ৭ বৎসরের শিক্ষকতার প্রশাসনিকঅভিজ্ঞতা | ১১৫০.০০-১৮০০.০০ | ১-১-৮২ ইং এর পূর্বে ১২ বৎসরে এই স্কেল দেওয়া হইয়াছে। |
| ৭ | সহঃসুপার, আলীম মাদ্রাসা | ঐ | যে কোন মাদ্রাসায় ৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা | ৭৫০.০০-১৪৭০.০০ | ১-১-৮২ ইং এর পূর্বে ১০ বৎসরে এই স্কেল দেওয়া হইয়াছে |
| ৮ | সুপার, দাখিল মাদ্রাসা | ঐ | যে কোন মাদ্রাসায় ৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা | ৭৫০.০০-১৪৭০.০০ | ১-১-৮২ ইং এর পূর্বে ১০ বৎসরে এই স্কেল দেওয়া হইয়াছে। |
| ৯ | সহকারী মাওলানা, আলীম মাদ্রাসা | ২য় শ্রেণীর কামিল অথবা উহার সমতুল্য ডিগ্রী | ঐ | ৮২৫.০০-১৩১৫.০০ | |
| ১০ | প্রভাষক, কামিল মাদ্রাসা | ২য় শ্রেণীর কামিল অথবা উহার সমতুল্য ডিগ্রী অথবা আরবী/ ইসলামিক স্টাডিজে ২য় শ্রেণীর অনার্সসহ | যে কোন মাদ্রাসায় ৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা | ৭৫০.০০-১৪৭০.০০ | প্রভাষক, কামিল মাদ্রাসা এবং প্রভাষক ফাজিল মাদ্রাসায় শিক্ষাগত |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ২য় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী । | | | যোগ্যতা একই হওয়া বাঞ্ছনীয় । |
| ১১ | প্রভাষক, ফাজিল মাদ্রাসা | ২য় শ্রেণীর কামিল/উহার সমতুল্য ডিগ্রী অথবা আরবী/ ইসলামিক স্টাডিজে ২য় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী | ঐ | ৯৭০.০০-১৪৭০.০০ | ১-১-৮২ ইং এর পূর্বে কোন অভিজ্ঞতা ছাড়াই এই স্কেল দেওয়া হইয়াছে । |
| ১২ | প্রভাষক (সাধারণ) কামিল মাদ্রাসা | ২য় শ্রেণীর অনার্সসহ ২য় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী, অথবা প্রথম শ্রেণীর মাস্টার্স ডিগ্রী | ------- | ৭৫০.০০-১৪৭০.০০ | |
| ১৩ | প্রভাষক (সাধারণ) ফাজিল মাদ্রাসা | ২য় শ্রেণীর অনার্সসহ ২য় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী | ------- | ৭৫০.০০-১৪৭০.০০ | |
| ১৪ | সহকারী শিক্ষক, যে কোন মাদ্রাসা | স্নাতক এবং বি,এড | ------- | ৬২৫.০০-১৩১৫.০০ | |
| ১৫ | প্রদর্শক, কামিল ও ফাজিল মাদ্রাসা | সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক | ------- | ৬২৫.০০-১৩১৫.০০ | |
| ১৬ | সহকারী মৌলভী | ফাজিল | ------- | ৪৭০.০০-১৩১৫.০০ | |
| ১৭ | জুনিয়র শিক্ষক | এইচএসসি এবং সি.এড | ------- | ৩২৫.০০-৬১০.০০ | ১-১-৮০ হইতে ৩১-৫-৮১ স্কেল ৩৭০-৭৪৫ । |
| ১৮ | জুনিয়র মৌলভী | আলিম | ------- | ৩০০.০০-৫৪০.০০ | |
| ১৯ | ক্বারী | কেরাত ও তজবিদে সার্টিফিকেট | ------- | ৩০০.০০-৫৪০.০০ | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২০ | গ্রন্থাগারিক, কামিল ও ফাজিল মাদ্রাসা | ক) ইংরেজি ও বাংলাসহ ফাজিল পাশ এবং গ্রন্থাগারিক বিজ্ঞানে সার্টিফিকেট।<br>খ) আরবীতে দক্ষতাসহ বি.এ পাশ এবং গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। | ------ | ৪৭০.০০-১১৩৫.০০<br>৬২৫.০০-১৩১৫.০০ | ১৯৮৩-৮৪ অর্থ বৎসর হইতে প্রকৃত কর্মরত সময়ের জন্য বেতন ভাতাদি পাওয়ার যোগ্য। পূর্ব হইতে নিয়োজিত যে সকল ব্যক্তির গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কিংবা ডিপ্লোমা নাই আগামী দুই বৎসরের মধ্যে তাহাদিগকে উহা অর্জন করিতে হইবে। |

**বিদ্রঃ অন্যান্য কর্মচারী (তৃতীয় ও চতুর্থ শ্রেণী) নিয়োগ ব্যাপারে সরকারি নিয়োগ বিধি অনুসরণ করিতে হইবে।**

## স্টাফিং প্যাটার্ণ (ন্যূনতম যোগ্যতা, প্রাপ্য স্কেল এবং নিয়োগ পদ্ধতিসহ), ১৯৮২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
(শিক্ষা ভবন), বাংলাদেশ, ঢাকা

### বিজ্ঞপ্তি

তারিখ : ঢাকা, ৭ই মে/১৯৮২।

দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও অন্যান্য কর্মচারীদের বেতন-স্কেল বাবদ সরকারী অনুদান প্রদানের পরিপ্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের রেজুলিউশন নং শাঃ৪/৩বি-৫/৮১/১৪২, তারিখ ১৭-১১-৮১ অনুযায়ী বিভিন্ন বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের স্টাফিং প্যাটার্ণ এতদসংগে উল্লেখ করা হইল। এই স্টাফিং প্যাটার্ণ অনুসারে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন শিক্ষক ও অন্যান্য কর্মচারী শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত থাকিবেন এবং এই প্যাটার্ণ অনুসারে সরকারী অনুদান লাভ করিবেন।

১৯৮৩ সাল হইতে মাধ্যমিক বিদ্যালয়ে সমন্বিত পাঠ্যসূচি প্রবর্তিত হইবে বিধায় মাধ্যমিক বিদ্যালয় সম্পর্কে কোন স্টাফিং প্যাটার্ণ প্রবর্তন করা হইল না। আগামী বছর হইতে তাহা প্রবর্তিত হইবে।

বেসরকারী কলেজ ও মাদ্রাসার স্টাফিং প্যাটার্ণ নিম্নে প্রদত্ত হইল:

### মহাবিদ্যালয়ের স্টাফিং প্যাটার্ণ

**ডিগ্রী ও ইন্টারমিডিয়েট কলেজ :**

**অধ্যক্ষ:** ১ জন

**উপাধ্যক্ষ:** ১জন (ইন্টারমিডিয়েট কলেজে কোন উপাধ্যক্ষ থাকিবে না)।

**শিক্ষক সংখ্যা:**

| | |
|---|---|
| প্রতি বিষয়ে ছাত্র সংখ্যা হিসাবে | ১২৫ জন পর্যন্ত ১ জন |
| | ১২৫ জন থেকে উর্দ্ধে অতিরিক্ত- ১ জন। |
| ডিগ্রী ক্লাস থাকলে বিষয়ভিত্তিক | ১ জন অতিরিক্ত। |
| **সহকারী অধ্যাপক:** ডিগ্রী থাকিলে প্রতি বিষয়ে | ১ জন সহকারী অধ্যাপক। |
| প্রভাষক ও সহকারী অধ্যাপকের অনুপাত | ৫ঃ২ (ডিগ্রী কলেজ)। |
| | ৩ঃ১ (ইন্টারমিডিয়েট কলেজে) |
| **প্রদর্শক:** প্রতি ব্যবহারিক বিষয়ে | ১ জন। |
| **শরীর চর্চা শিক্ষক :** | ১ জন। |
| **গ্রন্থাগারিক:** | ১ জন। |

ছাত্র/ছাত্রীর সংখ্যা ২০০০ হাজারের উপরে এবং পুস্তক সংখ্যা ৮০০০ হাজারের উপরে হইলে ১ জন সহকারী গ্রন্থাগারিক/ক্যাটালগ্যার।

**তৃতীয় শ্রেণীর কর্মচারী:**

ছাত্র/ছাত্রীর সংখ্যা ৫০০ পর্যন্ত: ৩জন।

হেড ক্লার্ক ১জন,
একাউন্টেন্ট-কাম ক্যাশিযার ১জন,
ক্লার্ক-কাম টাইপিস্ট ১জন।

**ছাত্র/ছাত্রীর সংখ্যা ৫০১-১০০০ পর্যন্ত:** **৪জন।**

হেড ক্লার্ক ১জন,
একাউন্টেন্ট-কাম ক্যাশিয়ার ১জন,
ক্লার্ক-কাম টাইপিস্ট ২জন।

**ছাত্র/ছাত্রীর সংখ্যা ১০০০-২০০০ পর্যন্ত:** **৫জন।**

হেড ক্লার্ক ১জন,
একাউন্টেন্ট-কাম ক্যাশিযার ১জন,
ক্লার্ক-কাম টাইপিস্ট ২জন,
ক্লার্ক ১জন।

**ছাত্র/ছাত্রীর সংখ্যা ২০০০ হাজারের উপরে:** **৬জন।**

হেড ক্লার্ক ১জন,
একাউন্টেন্ট ১জন,
ক্যাশিযার ১জন,
ক্লার্ক-কাম টাইপিস্ট ২জন,
ক্লার্ক ১জন।

**চতুর্থ শ্রেণীর কর্মচারী:**

| | | |
|---|---|---|
| ১. | অধ্যক্ষের কক্ষ: | ১ জন। |
| ২. | অধ্যাপকদের বসার ঘর | ১ জন। |
| ৩. | দারোয়ান | ১ জন। |
| ৪. | নৈশ প্রহরী | ১ জন। |
| ৫. | কমনরুম ছাত্র/ছাত্রী | ১ জন + ১ জন (যদি ছাত্রী থাকে)। |
| ৬. | অফিস | ১ জন। |
| ৭. | সুইপার | ১ জন। |
| ৮. | মালি | ১ জন। |

## বেসরকারী মাদ্রাসাসমূহের স্টাফিং প্যাটার্ণ

### ( কামিল ও ফাজিল মাদ্রাসা)

প্রতি শ্রেণীর জন্য ১.৫ জন শিক্ষক থাকিবে, কোন শ্রেণীতে ৬০ জনের অধিক ছাত্র থাকিলে সেকশন করা যাইবে এবং সেক্ষেত্রে প্রতি সেকশনের জন্য ১ জন শিক্ষক থাকিবে। ১০ এর অধিক সেকশন থাকিলে ১ জন অতিরিক্ত শিক্ষক থাকিবে। কামিল শ্রেণীতে প্রতি অতিরিক্ত গ্রুপের জন্য ২ জন অতিরিক্ত প্রভাষক দেওয়া হইবে। সহকারী অধ্যাপক ও প্রভাষকের সংখ্যা হইবে ২ঃ ৫। এই হিসাবে কামিল ও ফাজিল মাদ্রাসার শিক্ষক ও অন্যান্য কর্মচারীর সংখ্যা নিম্নরূপ হইবে:

**কামিল মাদ্রাসা (শ্রেণী-১২)**

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা |
|---|---|---|
| ১ | অধ্যক্ষ | ১ |
| ২ | উপাধ্যক্ষ | ১ |
| ৩ | মুফাচ্ছির/মুহাদ্দিস/ফকিহ/আদিব | ২ |
| ৪ | প্রভাষক | ৭ |
| ৫ | সহকারী শিক্ষক | ২ |
| ৬ | সহকারী মৌলভী | ২ |
| ৭ | জুনিয়র শিক্ষক | ১ |
| ৮ | জুনিয়র মৌলভী | ১ |
| ৯ | ক্বারী | ১ |
| | মোট | ১৮ জন |
| | লাইব্রেরিয়ান | ১ |
| | ৩য় শ্রেণীর কর্মচারী-৩ | |
| | হেড ক্লার্ক | ১ |
| | ক্যাশিয়ার-হিসাব রক্ষক | ১ |
| | ক্লার্ক-কাম টাইপিস্ট | ১ |
| | ৪র্থ শ্রেণীর কর্মচারী-৬ | |
| | দফতরী | ১ |
| | পিয়ন | ২ |
| | দারোয়ান | ১ |
| | ঝাড়ুদার ও মালী | ১ |
| | নৈশ প্রহরী | ১ |
| | বিজ্ঞান গ্রুপ থাকিলে | |
| | প্রভাষক (বিষয় ভিত্তিক) | ৪ |
| | প্রদর্শক | ৩ |
| | ৩য় শ্রেণীর কর্মচারী | ১ |
| | ৪র্থ শ্রেণীর কর্মচারী (প্রতি ল্যাবরেটরীর জন্য ১জন করিয়া) | ১ |

**ফাজিল মাদ্রাসা (শ্রেণী-১০)**

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা |
|---|---|---|
| ১ | অধ্যক্ষ/ সুপারিন্টেডেন্ট | ১ |
| ২ | সহকারী সুপারিন্টেডেন্ট | ১ |
| ৩ | হাদিস/তফসির/ফেকা/ উদুল-৩ | ৫ |
| ৪ | প্রভাষক (বাংলা, ইংরেজি)-২ | |
| ৫ | সহকারী শিক্ষক | ২ |
| ৬ | সহকারী মৌলভী | ২ |
| ৭ | জুনিয়র শিক্ষক | ২ |
| ৮ | জুনিয়র মৌলভী | ১ |
| ৯ | ক্বারী | ১ |
| | মোট | ১৫ জন |
| | লাইব্রেরিয়ান | ১ |
| | ৩য় শ্রেণীর কর্মচারী-২ | |
| | ---- | -- |
| | ক্যাশিয়ার-হিসাব রক্ষক | ১ |
| | ক্লার্ক-কাম টাইপিস্ট | ১ |
| | ৪র্থ শ্রেণীর কর্মচারী-৪ | |
| | দফতরী | ১ |
| | পিয়ন | ১ |
| | দারোয়ান/প্রহরী | ১ |
| | ঝাড়ুদার ও মালী | ১ |
| | ---- | -- |
| | বিজ্ঞান গ্রুপ থাকিলে | |
| | প্রভাষক (বিষয় ভিত্তিক) | ৪ |
| | প্রদর্শক | ৩ |
| | ---- | -- |
| | ৪র্থ শ্রেণীর কর্মচারী (প্রতি ল্যাবরেটরীর জন্য ১জন করিয়া) | ১ |

## বেসরকারী মাদ্রাসাসমূহের স্টাফিং প্যাটার্ণ

### ( আলিম ও দাখিল মাদ্রাসা)

প্রতি শ্রেণীর জন্য ১.৫ জন শিক্ষক থাকিবে, কোন শ্রেণীতে ৬০ জনের অধিক ছাত্র থাকিলে সেকশন করা যাইবে এবং সেক্ষেত্রে প্রতি সেকশনের জন্য ১ জন শিক্ষক থাকিবে। ১০ এর অধিক সেকশন থাকিলে ১ জন অতিরিক্ত শিক্ষক থাকিবে। এই হিসাবে **আলিম ও দাখিল** মাদ্রাসায় শিক্ষক ও অন্যান্য কর্মচারীর সংখ্যা নিম্নরূপ হইবে:

**আলিম মাদ্রাসা (শ্রেণী-৮)**

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা |
|---|---|---|
| ১ | সুপারিন্টেডেন্ট | ১ |
| ২ | সহকারী সুপারিন্টেডেন্ট | ১ |
| ৩ | সহকারী মাওলানা | ২ |
| ৪ | সহকারী শিক্ষক | ২ |
| ৫ | সহকারী মৌলভী | ২ |
| ৬ | জুনিয়র শিক্ষক | ২ |
| ৭ | জুনিয়র মৌলভী | ১ |
| ৮ | ক্বারী | ১ |
| | মোট | ১২ জন |
| | | |
| | ৩য় শ্রেণীর কর্মচারী | ১ |
| | ৪র্থ শ্রেণীর কর্মচারী | ১ |
| | **বিজ্ঞান বিভাগ** | |
| | সহকারী শিক্ষক | ২ |
| | ৪র্থ শ্রেণীর কর্মচারী | ১ |

**দাখিল মাদ্রাসা (শ্রেণী-১০)**

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা |
|---|---|---|
| ১ | সুপারিন্টেডেন্ট | ১ |
| ২ | সহকারী শিক্ষক | ১ |
| ৩ | সহকারী মৌলভী | ২ |
| ৪ | জুনিয়র শিক্ষক | ২ |
| ৫ | জুনিয়র মৌলভী | ২ |
| ৬ | ক্বারী | ১ |
| | মোট | ৯ জন |
| | | |
| | ৪র্থ শ্রেণীর কর্মচারী | ১ |

স্বাঃ/ ডঃ হাফেজ আহমদ
মহা পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর,
বাংলাদেশ ঢাকা

স্মারক নং- ৩৬২২/১৪০০-ঘ

তারিখ : ৮/৬/১৯৮২ ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল :

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তর, শেওে ই বাংলা নগর, গণভবন কমপ্লেক্স, ঢাকা-৭।
৩। উপ- পরিচালক,.........................বিভাগ,................................।
৪। জেলা শিক্ষা অফিসার (সকল)-------------------------------------------।
৫। অধ্যক্ষ/ অধ্যক্ষা,(সকল) ------------------------------------কলেজ/ মাদ্রাসা ।
৬। সুপারিন্টেডেন্ট, -----------------------------------------------------মাদ্রাসা ।

স্বাঃ/ মাহবুবুল আলম
পক্ষে/মহা পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর,
বাংলাদেশ ঢাকা